দৈনিক
ইত্তেফাক

তারিখ 9 MAY 2010
পৃষ্ঠা 20 কলাম 6

# এমপিওভুক্তির দাবিতে সড়ক অবরোধ

■ ভ্রাম্যমাণ সংবাদদাতা

গতকাল শনিবার ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার ২২টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ এমপিওভুক্তির দাবিতে কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কের গাড়াগঞ্জে ২ ঘণ্টা সড়ক অবরোধ করে। প্রায় ৫ শতাধিক শিক্ষক ও তাদের সমর্থনে বেশকিছু ছাত্র-ছাত্রী মহাসড়কের উপর বসে এমপিওভুক্তির দাবি জানায়। ফলে মহাসড়কের দু'পাশে বিপুল সংখ্যক যানবাহন আটকা পড়ে। খবর পেয়ে শৈলকুপা থানা থেকে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে আলোচনার মাধ্যমে মধ্যস্থতা করলে তারা অবরোধ তুলে নেয়।

এরপর পৃষ্ঠা ১৯, কলাম

## এমপিওভুক্তির

২০ পৃষ্ঠার পর

গোপালপুর (টাঙ্গাইল) সংবাদদাতা জানান, টাঙ্গাইলের ধনবাড়ি উপজেলার ভাইঘাট আইডিয়াল কলেজ এমপিওভুক্ত না হওয়ায় গতকাল শনিবার ক্ষুব্ধ এলাকাবাসী ভাইঘাট বাজারে অর্ধ বেলা হরতাল এবং জামালপুর-টাঙ্গাইল সড়ক অবরোধ করে। ফলে জামালপুর ও শেরপুর জেলার সাথে টাঙ্গাইল হয়ে দেশের ১২টি রুটের যানবাহন চলাচল আট ঘণ্টা বন্ধ থাকে।

ধর্মঘট চলাকালে সকল দোকানপাট, শিক্ষা প্রতিষ্ঠান ও অফিস বন্ধ ছিল। খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী ড. আব্দুর রাজ্জাক দুপুর ১২টায় ধনবাড়ি পৌর শহরে একটি অনুষ্ঠানে যাওয়ার পথে তিনি সড়ক অবরোধে আটকা পড়েন। পরে তিনি স্থানীয় নেতৃবৃন্দকে শীঘ্রই ঐ কলেজের এমপিওভুক্তির আশ্বাস দিয়ে দুপুর ২টায় অবরোধ ও হরতাল প্রত্যাহারের ব্যবস্থা করেন।